

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৪.২২.২৮৭

তারিখ: ২১ ভাদ্র ১৪২৯

০৫ সেপ্টেম্বর ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৫০৭৬/২০১৭ মামলা পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনাব মো: মোমিনুল ইসলাম, সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান), উজান তেওড়া টি.ইউ.এম হাই স্কুল, সুন্দরগঞ্জ, গাইবান্ধা যোগদানের তারিখ হতে এমপিও প্রদানের লক্ষ্যে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৫০৭৬/২০১৭ মামলা দায়ের করেন।

০২। মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৫০৭৬/২০১৭ মামলাটি শুনানির তালিকায় আসছে বিধায় যত দূর সম্ভব ওকালতনামা সহ পিটিশনের প্যারাওয়াইজ মন্তব্য/উত্তর পাঠাতে এবং মামলার তথ্য ও পরিস্থিতির সাথে যথাযথভাবে পরিচিত এবং উপযুক্ত একজন অফিসারের পক্ষে অনুমোদনের চিঠি এবং অনুমোদিত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র সহ হলফনামা প্রেরণ করতে। এছাড়াও বিষয়টিকে অত্যন্ত জরুরী হিসাবে বিবেচনা নিয়ে কোন বিলম্ব না করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা। অন্যথায় মামলাটি বিনা প্রতিদ্বন্দ্বিতায় শুনানি হবে এবং এর ফলে রাষ্ট্র ও সরকারের ক্ষতি হতে পারে মর্মে উল্লেখ করেছেন।

০৩। এমতাবস্থায়, বিজ্ঞ ডেপুটি এ্যাটর্নীর জেনারেল অফিস হতে প্রাপ্ত পত্রের বিষয়ে (মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৫০৭৬/২০১৭) প্রয়োজনীয় আইননানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৫-৯-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৪.২২.২৮৭/১

তারিখ: ২১ ভাদ্র ১৪২৯

০৫ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৫-৯-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব